



63

ইসলামী বিশ্ববিদ্যালয়ে অভিজ্ঞ শিক্ষকের অভাব

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ইসলামী বিশ্ববিদ্যালয়ে কোন সিনিয়র ও অভিজ্ঞ শিক্ষক নেই। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের ১২টি বিভাগের মধ্যে ১টিতেও অধ্যাপক নেই। প্রস্তাবিত বিজ্ঞান অনুষদের তিন হিসাবে একজন অধ্যাপক থাকলেও তাঁর কোন বিভাগ নেই। ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থাকাকালীন সময়ে কয়েকটি বিভাগে কয়েকজন সিনিয়র শিক্ষক থাকলেও কুটিয়ায় স্থানান্তরের সময় তারা এই বিশ্ববিদ্যালয় ছেড়ে অন্যত্র চলে যায়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে ছাত্র-ছাত্রীদের সিনিয়র শিক্ষক নিয়োগের আশ্বাস দিয়ে আসছেন। তবে, সিনিয়র শিক্ষক নিয়োগ করছেন না। অনেক সময় ছাত্র-ছাত্রীদের জোর দাবীর প্রেক্ষিতে কর্তৃপক্ষ বলতে বাধ্য হচ্ছেন কোন

সিনিয়র শিক্ষক ইসলামী বিশ্ববিদ্যালয়ে আনতে চাননি।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, এই বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু বিভাগের চেয়ারম্যান তাদের চেয়ারম্যানের পদ বহাল রাখার জন্য সিনিয়র শিক্ষক নিয়োগে রাজী নন। এমন কি সিনিয়র শিক্ষক নিয়োগের ব্যাপারে বিভিন্ন অর্থনৈতিক অজুহাত উত্থাপন করে কর্তৃপক্ষের কাছে বিভিন্ন সময় অনার্থক প্রকাশ করেছে। তবে কিছু কিছু বিভাগের সিনিয়র শিক্ষক পাওয়া যাবে না বলেও জানা গেছে।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের তুলনায় শিক্ষকের সংখ্যা অপ্রতুল। বর্তমানে ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রায় ৪ হাজার ছাত্র-ছাত্রী। কিন্তু শিক্ষকের সংখ্যা মাত্র ১০৮ জন।